



বাংলাদেশ কৃষি ব্যাংক
বিভাগীয় কার্যালয়, ফরিদপুর।
কবি জসিমউদ্দিন রোড, দক্ষিণ আলীপুর, ফরিদপুর।

ফোন : ০২৪৭-৮৮০২১৬২
০২৪৭-৮৮০২১৬৩
Email:
gmfaridpur@krishibank.org.bd

সূত্র নং-বিকা/ফরিদ-বাজেট-২৩/২০২২-২০২৩/২৩৫৬

তারিখ : ০৬.০২.২০২৩ ইং

উপমহাব্যবস্থাপক
বাজেট ও ব্যয় নিয়ন্ত্রণ বিভাগ
বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা।

বিষয় : ২০২২-২০২৩ অর্থ বছরের সংশোধিত বাজেট প্রস্তাব এবং ২০২৩-২০২৪ অর্থ বছরের বাজেট প্রাক্কলন প্রসঙ্গে।

প্রিয় মহোদয়

শিরোনামে বর্ণিত বিষয়ে বিকেবি, বাজেট ও ব্যয় নিয়ন্ত্রণ বিভাগের ১৮.১২.২০২২ তারিখের পত্র নং-প্রকা/বাজেট-০১(১)/২০২২-২০২৩/৪০৮ এর প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। বিকেবি, ফরিদপুর বিভাগাধীন ৯৮ টি শাখাসহ মোট শাখা/কার্যালয়ের সংখ্যা ১১০। প্রতিটি শাখায় অনলাইন ব্যাংকিং কার্যক্রম পরিচালনাসহ ব্যাচ/বেদেশিক রেমিট্যান্স/দাপ্তরিক অন্যান্য কার্যক্রম সুচারুরূপে সম্পন্ন করার নিমিত্ত শাখাগুলোতে বিদ্যমান কম্পিউটার ও কম্পিউটার যন্ত্রপাতি (পিসি, ইউপিএস, প্রিন্টার ও স্ক্যানার) প্রভৃতির সংখ্যা প্রয়োজনের তুলনায় কম। এছাড়া ইতিপূর্বে শাখাগুলোতে ব্যবহৃত কম্পিউটার ও কম্পিউটার সামগ্রীসমূহের অধিকাংশই পুরানো ও জরাজীর্ণ হওয়ায় এগুলোর মেরামত ও রক্ষণাবেক্ষণ খরচ বৃদ্ধি পাচ্ছে। পাশাপাশি গ্রাহক সেবা প্রদানও বিঘ্নিত হচ্ছে। এমতাবস্থায়, আগামী ২০২৩-২০২৪ অর্থ বছরে কম্পিউটার ও কম্পিউটার যন্ত্রপাতি (মূলধনী), বৈদ্যুতিক স্থাপনা ও অফিস যন্ত্রপাতি (মূলধনী) খাতসমূহের ক্রয় পরিকল্পনা প্রণয়ন ও মূল্য নির্ধারণপূর্বক একটি সামগ্রিক কর্মপরিকল্পনা আপনার সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পেশ করা হলো।

ক) মূলধনী খাতঃ কম্পিউটার ও কম্পিউটার যন্ত্রপাতি ক্রয় :

ক্র. নং	মূলধনী খাত	চলতি অর্থবছরে বরাদ্দকৃত বাজেট	২০২৩-২০২৪ অর্থবছরের জন্য বাজেট প্রাক্কলন
০১	কম্পিউটার ও কম্পিউটার যন্ত্রপাতি ক্রয়	৪০.০০ লক্ষ	৬১.৭১ লক্ষ

বর্তমানে শাখা/কার্যালয়ের বিদ্যমান কম্পিউটার ও কম্পিউটার সামগ্রীর তথ্য পর্যালোচনা করে দেখা যায়, ২০২৩-২০২৪ অর্থ বছরে অত্র বিভাগীয় কার্যালয়ের অধীনে মোট ১১০ টি শাখা/কার্যালয়ের জন্য নূনতম ৬০ সেট পিসি, ১৩০ টি অফলাইন ইউপিএস, ১০ টি অনলাইন ইউপিএস, ২৫টি প্রিন্টার, ৫ সেট ডকুমেন্ট স্ক্যানার ও ৩০ টি স্ক্যানার ক্রয়ের প্রয়োজনীয়তা দেখা দিতে পারে। সেক্ষেত্রে প্রধান কার্যালয়ের আইসিটি অপারেশন বিভাগের ১৩.১১.২০২২ তারিখের পত্র নং-বিকেবি/প্রকা/ আইসিটি(অপাঃ)/৯(বিবিধ)/২০২২-২০২৩/৬০১ নং স্মারকমূলে নির্ধারিত স্পেসিফিকেশন এবং দাম অনুযায়ী বর্ণিত কম্পিউটার সামগ্রীর মূল্য নিম্নরূপ নির্ধারণ করা যেতে পারেঃ

ক্র. নং	কম্পিউটার সামগ্রী	ভ্যাটসহ একক মূল্য	পরিমাণ	প্রাক্কলিত মোট মূল্য
০১	কম্পিউটার	৬৫,৫০০/-	৬০	৩৯,৩০,০০০/-
০২	অনলাইন ইউপিএস	৪২,০০০/-	১০	৪,২০,০০০/-
০৩	অফলাইন ইউপিএস (৬৫০ভিএ)	৩,৬০০/-	১৩০	৪,৬৮,০০০/-
০৪	প্রিন্টার	২৩,০০০/-	২৫	৫,৭৫,০০০/-
০৫	ডকুমেন্ট স্ক্যানার	৬৮,৫০০/-	৫	৩,৪২,৫০০/-
০৬	ফ্ল্যাট বেড স্ক্যানার	১৪,৫০০/-	৩০	৪,৩৫,০০০/-
মোট প্রাক্কলিত মূল্যঃ				৬১,৭০,৫০০/-

খ) মূলধনী খাতঃ বৈদ্যুতিক স্থাপনা ক্রয় :

ক্র. নং	মূলধনী খাত	চলতি অর্থবছরে বরাদ্দকৃত বাজেট	২০২৩-২০২৪ অর্থবছরের জন্য বাজেট প্রাক্কলন
০১	বৈদ্যুতিক স্থাপনা (এসি/জেনারেটর)ক্রয়	০৩.০০ লক্ষ	৩.৪০ লক্ষ

অত্র বিভাগের সকল শাখায় ইতিপূর্বেই জেনারেটর সরবরাহ করা হয়েছে। তন্মধ্যে কয়েকটি শাখায় অনেক পুরাতন মেশিন ব্যবহৃত হওয়ায় আগামী ২০২৩-২০২৪ অর্থবছরে উক্ত শাখাসমূহের জন্য ০৪ টি জেনারেটর ক্রয়ের প্রয়োজনীয়তা দেখা দিতে পারে।

চলমান পাতা-০২

পাতা-০২

সেক্ষেত্রে প্রধান কার্যালয়ের এস্টেট এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের ২৯.১০.২০১৮ তারিখের পত্র নং-প্রকা/ইইবি-৩(২৯)/অংশ-৫/১৮-১৯/২৭০(৬৮) নং স্মারকমূলে নির্ধারিত স্পেসিফিকেশন এবং দাম অনুযায়ী বর্ণিত বৈদ্যুতিক সামগ্রীর মূল্য নিম্নরূপ নির্ধারণ করা যেতে পারেঃ

ক্র. নং	কম্পিউটার সামগ্রী	ভ্যাটসহ একক মূল্য	পরিমাণ	প্রাক্কলিত মোট মূল্য
০১	জেনারেটর	৮৫,০০০/-	০৪	৩,৪০,০০০/-
মোট প্রাক্কলিত মূল্যঃ				৩,৪০,০০০/-

গ) মূলধনী খাতঃ অফিস মেশিনারী ক্রয়ঃ


ক্র.	মূলধনী খাত	বর্তমান অর্থ বছরে বরাদ্দকৃত বাজেট	২০২৩-২০২৪ অর্থ বছরে বাজেট প্রাক্কলন
০১	অফিস মেশিনারী (মানি কাউন্টিং মেশিন/ফটোকপি মেশিন/ সিসি টিভি) ক্রয়	৭৭.০০ লক্ষ	১৭.০০ লক্ষ

২০২৩-২০২৪ অর্থ বছরে অত্র বিভাগীয় কার্যালয়ের অধীনে মোট ১১০ টি শাখা / কার্যালয়ের জন্য ন্যূনতম ৫ সেট মানি কাউন্টিং মেশিন, ০১ সেট ফটোকপি মেশিন এবং ২০ সেট সিসি টিভি ক্রয়ের প্রয়োজনীয়তা দেখা দিতে পারে। সেক্ষেত্রে বর্ণিত অফিস মেশিনারীর মূল্য নিম্নরূপ নির্ধারণ করা যেতে পারেঃ

ক্র. নং	কম্পিউটার সামগ্রী	একক মূল্য	পরিমাণ	প্রাক্কলিত মোট মূল্য
০১	মানি কাউন্টিং মেশিন	১,২০,০০০/-	০৫	৬,০০,০০০/-
০২	ফটোকপি মেশিন	১,০০,০০০/-	০১	১,০০,০০০/-
০৩	সিসি টিভি সেট	৫০,০০০/-	২০	১০,০০,০০০/-
মোট প্রাক্কলিত মূল্যঃ				১৭,০০,০০০/-

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত,



(মোঃ ফারুক আহমেদ)
সহকারী মহাব্যবস্থাপক

সদয় জ্ঞাতার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ০১। উপমহাব্যবস্থাপক, এস্টেট এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। উপমহাব্যবস্থাপক, আইসিটি অপারেশন বিভাগ, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।